# সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ২১০১

৯. কিতাবুস সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ সাহাবীগণ রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের পিছনে তাঁর নির্দেশে বসে সালাত আদায় করেছেন মর্মে বর্ণনা

## ذِكْرُ الْبَيَانِ بِأَنَّ الْقَوْمَ إِنَّمَا صَلُّوا خَلْفَ الْمُصْطَفَى صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ فِي هَذِهِ الصَّلَاةِ قُعُودًا بِأَمْرِهِ حَيْثُ أَمَرَهُمْ بِهِ

---

আরবী

2101 ـ أَخْبَرَنَا عُمَرُ بْنُ سَعِيدِ بْنِ سِنَانٍ قَالَ: أَخْبَرَنَا أَحْمَدُ بْنُ أَبِي بَكْرٍ عَنْ مَالِكٍ عَنْ هِشَامِ بْنِ عُرْوَةَ عَنْ أَبِيهِ عَنْ عَائِشَةَ: أَنَّهَا قَالَتْ: صَلَّى رسولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ فِي بَيْتِهِ وَهُوَ شَاكٍ فَصَلَّى جَالِسًا وَصَلَّى وَرَاءَهُ قومٌ قِيَامًا فَأَشَارَ إِلَيْهِمْ أَنِ اجْلِسُوا فَلَمَّا انْصَرَفَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ قَالَ: (إِنَّمَا جُعِلَ الْإِمَامُ لِيُؤْتَمَّ بِهِ فَإِذَا رَكَعَ فَارْكَعُوا وَإِذَا رَفَعَ فَارْفَعُوا وَإِذَا صَلَّى جَالِسًا فَصَلُّوا جُلُوسًا)

الراوي : عَائِشَة | المحدث : العلامة ناصر الدين الألباني | المصدر : التعليقات الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 2101 | خلاصة حكم المحدث: صحيح ـ ((الإرواء)) (2/ 119) , ((صحيح أبي داود)) (618)

قَالَ أَبُو حَاتِمٍ ـ رَضِيَ اللَّهُ عَنْهُ ـ: هَذِهِ السُّنَّةُ رَوَاهَا عَنِ الْمُصْطَفَى صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ أَنَسُ بْنُ مَالِكٍ وَعَائِشَةُ وَأَبُو هُرَيْرَةَ وَجَابِرُ بْنُ عَبْدِ اللَّهِ وَعَبْدُ اللَّهِ بْنُ عُمَرَ بْنِ الْخَطَّابِ وَأَبُو أُمَامَةَ الْبَاهِلِيُّ.

وَهُوَ قَوْلُ أُسَيْدِ بْنِ حُضَيْرٍ وَقَيْسِ بْنِ قَهْدٍ وَجَابِرِ بْنِ عَبْدِ اللَّهِ وَأَبِي هُرَيْرَةَ وَبِهِ قَالَ جَابِرُ بْنُ زَيْدٍ وَالْأَوْزَاعِيُّ وَمَالِكُ بْنُ أَنَسٍ وَأَحْمَدُ بْنُ حَنْبَلٍ وَإِسْحَاقُ بْنُ إِبْرَاهِيمَ وَأَبُو أَيُّوبَ سُلَيْمَانُ بْنُ دَاوُدَ الْهَاشِمِيُّ وَأَبُو خَيْثَمَةَ وَابْنُ أَبِي شَيْبَةَ وَمُحَمَّدُ بْنُ إِسْمَاعِيلَ وَمَنْ تَبِعَهُمْ مِنْ أَصْحَابِ الْحَدِيثِ مِثْلَ مُحَمَّدِ بْنِ نَصْرٍ وَمُحَمَّدِ بْنِ إِسْحَاقَ بْنِ خُزَيْمَةَ.

## বাংলা

২১০১. আয়িশা রাদ্বিয়াল্লাহু আনহা থেকে বর্ণিত, তিনি বলেন, “রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম অসুস্থ অবস্থায় নিজ গৃহে বসে সালাত আদায় করেন, আর তাঁর একদল সাহাবী দাঁড়িয়ে সালাত আদায় করেন, তখন তিনি তাদেরকে ইশারায় বলেন যে, তোমরা বসে সালাত আদায় করো। অতঃপর যখন তিনি  সালাম ফেরালেন, তখন বললেন, “নিশ্চয়ই ইমাম নির্ধারণ করা হয়, তার অনুসরণ করার জন্য। কাজেই ইমাম যখন রুকূ‘ করবেন, তখন তোমরাও রুকূ‘ করবে, যখন তিনি (রুকূ‘ থেকে মাথা) উত্তোলন করবেন, তখন তোমরাও মাথা উত্তোলন করবে, আর যখন তিনি বসে সালাত আদায় করবেন, তখন তোমরাও বসে সালাত আদায় করবে।”[1]

আবূ হাতিম ইবনু হিব্বান রহিমাহুল্লাহ বলেন, “এই হাদীসটি রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম থেকে আনাস বিন মালিক, আয়িশা, আবূ হুরাইরা, জাবির বিন আব্দুল্লাহ, আব্দুল্লাহ বিন উমার, আবূ উমামাহ আল বাহেলী প্রমুখ সাহাবী বর্ণনা করেছেন।

আর মত পোষন করেছেন উসাইদ বিন হুদাইর, কাইস বিন ফাহাদ, জাবির বিন আব্দুল্লাহ, আবূ হুরাইরা প্রমুখ সাহাবী।

এই মত আরো পোষন করেছেন জাবির বিন যাইদ, আওযাঈ, মালিক বিন আনাস, আহমাদ বিন হাম্বাল, ইসহাক বিন ইবরাহিম, আবূ আইয়ুব সুলাইমান বিন দাঊদ হাশেমী, আবূ খাইসামাহ, ইবনু আবী শাইবাহ, মুহাম্মাদ বিন ইসমাঈল আল বুখারী এবং তাদের অনুগামী মুহাদ্দিসগণ। যেমন- মুহাম্মাদ বিন নাসর, মুহাম্মাদ বিন ইসহাক বিন খুযাইমাহ রহিমাহুমুল্লাহ।”

## ফুটনোট

[1] বাগাবী, শারহুস সুন্নাহ: ৮৫১; মুয়াত্তা ইমাম মালিক: ১/১৩৫; মুসনাদ ইমাম শাফে‘ঈ: ১/১৪২; মুসনাদ আহমাদ: ৬/১৪৮; সহীহ আল বুখারী: ৬৮৮; আবূ দাঊদ: ৬০৫; আবূ আওয়ানা: ২/১০২; তাহাবী, শারহু মা‘আনিল আসার: ১/৪০৪; মুসান্নাফ ইবনু আবী শায়বাহ: ২/২৩৫; সহীহ মুসলিম: ৪১২।

হাদীসটিকে আল্লামা শুআইব আল আরনাঊত রহিমাহুল্লাহ বুখারী ও মুসলিমের শর্তে সহীহ বলেছেন। আল্লামা নাসির উদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (সহীহ আবূ দাঊদ: ৬১৮)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি  বর্ণনাকারীঃ আয়িশা বিনত আবূ বাকর সিদ্দীক (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=91419

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন